

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING &amp; FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-২৭ /২০২১

তারিখ : ০৯/০৪/২০২১ খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## আমদানি পণ্যচালানের শুদ্ধ-করাদি আবশ্যিকভাবে

E-Payment এর মাধ্যমে পরিশোধকরণ প্রসঙ্গে

কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্র, নথি নং-এস-৪/১১২/প্রশাসন/ASYCUDA World/২০১৩-১৪(অংশ-৩)/২১৯৭৬ (১৬), তারিখ-১৫/০৩/২০২১ খ্রিঃ এর প্রেক্ষিতে সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আমদানি পণ্যচালানের শুদ্ধ-করাদি পরিশোধের পদ্ধতি সহজীকরণের মাধ্যমে পণ্যচালান খালাস কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে ASYCUDA World System এর মাধ্যমে Real Time Gross Settlement (RTGS) পদ্ধতি ব্যবহার করে Electronic Payment (E-Payment) ব্যবস্থা চালু করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক দেশের সকল কাস্টম হাউস/কাস্টমস স্টেশনে E-Payment এর মাধ্যমে শুদ্ধ-করাদি পরিশোধ বাধ্যতামূলক করা হচ্ছে।

এ প্রেক্ষিতে কাস্টম হাউস, চট্টগ্রাম এ আগামী ১ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখ থেকে দুই লক্ষ টাকার অধিক রাজস্ব সংশ্লিষ্ট আমদানি পণ্যচালানের শুদ্ধ-করাদি আবশ্যিকভাবে E-Payment এর মাধ্যমে পরিশোধ করতে হবে। ১ জানুয়ারী, ২০২২ খ্রিঃ তারিখ থেকে সকল আমদানি পণ্যচালানের শুদ্ধ-করাদি আবশ্যিকভাবে E-Payment এর মাধ্যমে পরিশোধ করতে হবে। যেকোন বাণিজ্যিক ব্যাংক থেকে Real Time Gross Settlement (RTGS) পদ্ধতি ব্যবহার করে E-Payment এর মাধ্যমে শুদ্ধ-করাদি পরিশোধ করা যাবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংক ও আমদানিকারকের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ করা হলো।

সম্মানিত সদস্যদের সুবিধার্থে E-Payment এর মাধ্যমে শুদ্ধ-করাদি পরিশোধের পদ্ধতি নিম্নে বিধৃত হলো।


ক) ব্যাংক কর্তৃক প্রদত্ত RTGS ফর্মে নিম্নোক্ত তথ্যাবলী পূরণ করে চেকসহ ব্যাংকে দাখিল করতে হবে।

1. Customs Office Code : 301
2. B/E Registration Year : ..... (বি/ই দাখিলের বছর)
3. B/E Registration Number : ..... (বি/ই রেজিস্ট্রেশন নম্বর)
4. Declarant Code : ..... (সিএন্ডএফ এজেন্টের AIN)
5. Assessed Amount (Total Duty & Taxes) : ..... (শুদ্ধ-করের প্রকৃত অংক  
দশমিকের পরের সংখ্যা সহ)
6. Mobile No. : ..... (সিএন্ডএফ এজেন্টের মোবাইল নম্বর)

খ) E-Payment এর মাধ্যমে শুদ্ধ-কর পরিশোধ সম্পন্ন হওয়ার পর RTGS ফর্মে প্রদত্ত মোবাইল নম্বরে Payment confirmation message আসবে।

গ) শুদ্ধ-কর পরিশোধ সম্পন্ন হওয়ার পর বন্দরে গিয়ে পণ্য ডেলিভারী কার্যক্রম সম্পাদন করতে হবে।

E-Payment এর মাধ্যমে শুদ্ধ-করাদি পরিশোধের বিস্তারিত তথ্য [customs.gov.bd](http://customs.gov.bd) ওয়েবসাইটের Documents পেইজের Customs e-Payment Quick Reference এবং Customs e-Payment Compliant Bank Contact Details এ পাওয়া যাবে।



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক